



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২৫.৬৮১. ১৩৮৫

তারিখঃ ২৫ মার্চ, ১৪৩২  
২৯ জানুয়ারি ২০২৬

**বিষয়:** রিট পিটিশন নং-১৫৫১৬/২০২৫ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণে ৭ এবং ৯ নং বিবাদী কর্তৃক গৃহীত পদক্ষেপের প্রমাণকসহ বাদীর চাকুরি সংক্রান্ত যাবতীয় তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: এমপিও শাখা-১১, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.৯৯.০০৯.২৪.০২৮, তারিখ: ০৮.০২.২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন খোলাহাটা ডিগ্রী কলেজের বিএম শাখার প্রভাষক (হিসাবরক্ষণ) জনাব মোঃ মাহমুদুল গনির এমপিওভুক্তির আবেদনে সংযুক্ত মহাপরিচালকের প্রতিনিধির পত্রটি জাল বিবেচনায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের সূত্রোক্ত স্মারকের পত্রে তার এমপিও-এর আবেদন নথিভুক্ত করা হলে তিনি সংক্ষুব্ধ হয়ে এমপিওভুক্তির তালিকায় অন্তর্ভুক্তসহ সকল বকেয়া বেতন ও আর্থিক সুবিধাদির আদেশ প্রাপ্তির নিমিত্ত মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৫৫১৬/২০২৫ মামলা দায়ের করেন।

২। উক্ত মামলায় বিবাদী হিসেবে অধ্যক্ষ, খোলাহাটা ডিগ্রী কলেজ, পার্বতীপুর, দিনাজপুর এবং সভাপতি, গভর্নিং বডি, খোলাহাটা ডিগ্রী কলেজ, পার্বতীপুর, দিনাজপুরকে যথাক্রমে ৭ এবং ৯ নং বিবাদী পক্ষভুক্ত করা হয়েছে। উক্ত মামলার রুলের কপি গত ২১.০১.২০২৬ খ্রি. তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরে পাওয়া যায় (কপি সংযুক্ত)।

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৫৫১৬/২০২৫ মামলায় প্রতিদ্বন্দ্বিতাকরণে ৭ এবং ৯ নং বিবাদী কর্তৃক গৃহীত পদক্ষেপের প্রমাণকসহ নিম্নোক্ত তথ্য সত্যায়িতপূর্বক আগামী ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে আইন সেলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো;

- (ক) মামলার বাদীর নিয়োগ সংক্রান্ত সকল তথ্য;
- (খ) প্রতিষ্ঠানের বিএম শাখার জিও (সরকারী আদেশ);
- (গ) স্পেশালাইজেশনের অনুমোদন পত্র ও নবায়নের প্রমাণক;
- (ঘ) প্রতিষ্ঠানে বিএম শাখায় কর্মরত জনবলের তালিকা;
- (ঙ) শিক্ষক-কর্মচারীদের ব্যানবেইসে প্রেরিত তথ্য ও হাজিরানীট (২০১৬ হতে অদ্যাবধি);
- (চ) ম্যানেজিং কমিটি অনুমোদনের পত্র;

- ১। সভাপতি, গভর্নিং বডি  
খোলাহাটা ডিগ্রী কলেজ  
পার্বতীপুর, দিনাজপুর।
- ২। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
খোলাহাটা ডিগ্রী কলেজ  
পার্বতীপুর, দিনাজপুর।

  
(ড. রেজা হাসান মাহমুদ)  
সহকারী পরিচালক (অডিট ও আইন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। পরিচালক (পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
- ৫। সহকারী পরিচালক-১১ (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ)।
- ৮। সংরক্ষণ নথি।